



# পদক্ষেপ

## মানবিক উন্নয়ন কেন্দ্র

P-06

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।

ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web: www.padakhep.org

স্মারক নং : পদ/পক/এইচ. আর এন্ড এডমিন/২০১৮/২৭৫৪

তারিখ : ৩১/০৭/২০১৮ খ্রিষ্টাব্দ

### অফিস সার্কুলার

#### ‘বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা’ প্রবর্তন প্রসঙ্গে

ক. সরকারী চাকুরীদের পাশাপাশি জাতীয় পর্যায়ে কার্যরত সমসাময়িক বিভিন্ন এনজিও ইতোমধ্যে তাদের কর্মীদের বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান করায় চাকুরির বাজারে সংস্থার অবস্থানকে আরো সুদৃঢ় ও সুসংহত করার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্মীদের বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক নিয়মিত কর্মী বছরে একবার তার মূল (Basic) বেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রাপ্য হবে।

খ. বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান / কার্যকর করার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত পদ্ধতি / বিষয় অনুসরণ করতে হবে :

খ.১ সংস্থার বিভিন্ন ব্যবস্থাপনা ইউনিটের আওতায় কর্মরত নিয়মিত কর্মীগণ প্রতি বছর মার্চ মাসে আহরিত মূল (Basic) বেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রাপ্য হবে। অর্থাৎ সকল প্রকার ভাতা ব্যতীত একজন নিয়মিত কর্মীর মাসিক মোট বেতনের (Gross Salary'র) ৫৫% বেসিক বেতন এবং তার উপর ২০% হারে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান প্রযোজ্য হবে।

খ.২ সংস্থায় নিয়মিত পদের বিপরীতে নিয়োজিত কর্মীগণ তাদের শিক্ষানবীশ কাল সমাপ্তি পরবর্তীতে অর্থাৎ চাকুরি নিয়মিত হবার পর থেকে এ বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রাপ্য হবে। অপরদিকে, সংস্থার অন্যান্য উইং / বিভাগ / ব্যবস্থাপনা ইউনিটে চুক্তিভিত্তিক হিসেবে কর্মরত কর্মীদের কর্মকাল ন্যূনতম ৬ (ছয়) মাস পূর্তি সাপেক্ষে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদেয় হবে।

খ.৩ প্রতি বছর এপ্রিল মাসের ১০ তারিখের মধ্যে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান প্রযোজ্য হবে, যা সংশ্লিষ্ট ব্যবস্থাপনা ইউনিটের বাজেট বরাদ্দ থাকা সাপেক্ষে প্রদেয় হবে।

খ.৪ বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান পরবর্তীতে মার্চ মাস পর্যন্ত কারো চাকুরি নিয়মিত হলে পরবর্তীতে তাকে প্রযোজ্য বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদান করা যাবে। অপরদিকে, বার্ষিক বেতন বৃদ্ধি, পদোন্নতি, পদায়ন বা অন্য কোনভাবে মূল্যায়নের ফলে মার্চ মাসে কারো মূল (Basic) বেতনের কোন পরিবর্তন (হ্রাস-বৃদ্ধি) হলে সে আলোকে পরবর্তীতে তাকে প্রযোজ্য Arrear প্রদান করা যাবে।

খ.৫ এ বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা আগামী ১৪২৬ বঙ্গাব্দ বা ২০১৯ খ্রিষ্টাব্দ হতে প্রদেয় হবে।

গ. সংস্থা কর্তৃক বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচীর আওতায় নিয়োজিত কর্মীদেরকে ইতিপূর্বে ইস্যুকৃত অফিস সার্কুলার ও অনুমোদিত বাজেট বরাদ্দ অনুসারে বৈশাখী ভাতা প্রদান প্রযোজ্য হবে। এছাড়া অন্যান্য প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদকালের জন্য নিয়োজিত কর্মীদেরকে সংশ্লিষ্ট প্রকল্পের বাজেটে বরাদ্দ থাকা সাপেক্ষে বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করা যাবে।

ঘ. অত্র অফিস সার্কুলারের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

বাংলা নববর্ষ ভাতা / বৈশাখী ভাতা প্রবর্তনের ফলে কর্মীরা তাদের স্ব স্ব দায়িত্ব পালনে আরো বেশী মনোযোগী হবে, যা সংস্থার অর্জনকে সহায়ক ভূমিকা রাখবে বলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশা করে।

(ইকবাল আহাম্মদ)

নির্বাহী পরিচালক

কার্যার্থে অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

১. পরিচালক, মাইক্রোফিন্যান্স, প্রধান কার্যালয়।
২. প্রধান কার্যালয় ও মার্চ পর্যায়ের সংশ্লিষ্ট সকল ব্যবস্থাপনা ইউনিট।
৩. অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

১. প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।